

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুংখলা অধিশাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৩.২০১৬-২৫৩

তারিখঃ ০৬.০৬.২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, ডাঃ মোহাম্মদ আনিছুর রহমান (১২৪০৩৮), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, সদর, চাঁদপুর এর বিরুদ্ধে যৌতুক দাবীর অভিযোগে তীর প্রাক্তন স্ত্রী কর্তৃক বিজ্ঞ মুখ্য মহানগর হাকিমের আদালত, ঢাকায় দায়েরকৃত সিআর মামলা নং-১০১/২০১৬ (ধারা ১৯৮০ সনের যৌতুক নিরোধ আইনের ৪) এর ওয়ারেন্ট বলে গত ১৯.১০.২০১৬খ্রিঃ শাহজাহানপুর থানা, ডিএমপি, ঢাকা পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে কোর্ট হাজতে প্রেরণ পূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ হন এবং পরবর্তীতে বিজ্ঞ আদালত কর্তৃক জামিন প্রাপ্ত হন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোহাম্মদ আনিছুর রহমান (১২৪০৩৮), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, সদর, চাঁদপুরকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ১৯.১০.২০১৬খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব

ডাঃ মোহাম্মদ আনিছুর রহমান (১২৪০৩৮),
মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল,
সদর, চাঁদপুর।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৩.২০১৭-২৫৩/১ (৯)

তারিখঃ ০৬.০৬.২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৭। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস এ উল্লিখিত ইমেইলে প্রেরণের অনুরোধসহ)।



০৬/০৬/২০১৭

(আসমা ভাস্কিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৫৫০২৮

sasdisc@moohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৩.২০১৬- ২৫৭

তারিখঃ ০৬.০৬.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ মোহাম্মদ আনিছুর রহমান (১২৪০৩৮), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, সদর, চাঁদপুর, এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা

অভিযোগনামা

যেহেতু, ডাঃ মোহাম্মদ আনিছুর রহমান (১২৪০৩৮), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, সদর, চাঁদপুর এর বিরুদ্ধে তাঁর প্রাক্তন স্ত্রী কর্তৃক যৌতুক দাবীর প্রেক্ষিতে ১৯৮০ সনের যৌতুক নিরোধ আইনের ৪ ধারায় বিজ্ঞ মুখ্য মহানগর হাকিমের আদালত, ঢাকা সিআর মামলা নং-১০১/২০১৬ দায়ের করা হয়;


যেহেতু, আপনার বিরুদ্ধে আপনার প্রাক্তন স্ত্রী কর্তৃক যৌতুক দাবীর অভিযোগ উত্থাপিত হয়েছে;

যেহেতু, সিআর মামলা নং-১০১/২০১৬ এর ওয়ারেন্ট বলে গত ১৯.১০.২০১৬খ্রিঃ তারিখে শাহজাহানপুর থানা, ডিএমপি, ঢাকা পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে কোর্ট হাজতে প্রেরণ পূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ হন এবং পরবর্তীতে বিজ্ঞ আদালত কর্তৃক জামিন প্রাপ্ত হন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষেণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হলে এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ্য করার জন্য নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব


ডাঃ মোহাম্মদ আনিছুর রহমান (১২৪০৩৮),
মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল,
সদর, চাঁদপুর।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৩.২০১৬- ২৫৭/১ (৫)

তারিখঃ ০৬.০৬.২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, সদর, চাঁদপুর।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।



০৬/০৬/২০১৭
(আসমা তাসকিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfv.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মোহাম্মদ আনিছুর রহমান (১২৪০৩৮), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, সদর, চাঁদপুর এর বিরুদ্ধে আপনার প্রাক্তন স্ত্রী কর্তৃক যৌতুক দাবীর প্রেক্ষিতে ১৯৮০ সনের যৌতুক নিরোধ আইনের ৪ ধারায় বিজ্ঞ মুখ্য মহানগর হাকিমের আদালত, ঢাকা সিআর মামলা নং-১০১/২০১৬ দায়ের করা হয়। আপনার বিরুদ্ধে আপনার প্রাক্তন স্ত্রী কর্তৃক যৌতুক দাবীর অভিযোগ উত্থাপিত হয়েছে। সিআর মামলা নং-১০১/২০১৬ এর ওয়ারেন্ট বলে গত ১৯.১০.২০১৬ খ্রিঃ শাহজাহানপুর থানা, ডিএমপি, ঢাকা পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে কোর্ট হাজতে প্রেরণ পূর্বক বিজ্ঞ আদালতে সোপর্দ হন এবং পরবর্তীতে বিজ্ঞ আদালত কর্তৃক জামিন প্রাপ্ত হন। আপনার উপরিল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব